# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-02-2026** **Time: 7.50 PM**

## বিশেষ বিশেষ খবর –

১) এস আই আর প্রক্রিয়ায় বিচার বিভাগ যে সব ভোটারের নথি ও তথ্য যাচাই করবে, তাদের নামও অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকায় পৃথকভাবে উল্লেখ করা থাকবে। ওই তালিকা প্রকাশিত হবে আগামী শনিবার।

২) সুপ্রিম কোর্টের নির্দেশে এস আই আর প্রক্রিয়ায় যুক্ত বিচারবিভাগীয় আধিকারিকদের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি আজ আবার বৈঠকে বসেন।

প্রতিবেশী রাজ্য থেকেও বেশকিছু বিচারবিভাগীয় আধিকারিককে একাজে যুক্ত করা হতে পারে।

৩) রাজ্যের অর্ধেকেরও কিছু বেশি বুথকে সংবেদনশীল ও অতি সংবেদনশীল বলে চিহ্নিত করা হয়েছে।

রাজ্যে এস আই আর চলাকালীন বিভিন্ন কারণে মৃত ৫৬ জনের নিকট আত্মীয়কে রাজ্য সরকার চাকরি দেবার সিদ্ধান্ত নিয়েছে।

৫) বিচারবিভাগের দুর্নীতি নিয়ে একটি অধ্যায়কে ঘিরে বিতর্কের মধ্যেই, সুপ্রিম কোর্ট NCERT-র ক্লাস এইটের সংশ্লিষ্ট পাঠ্য বই-এর ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করেছে।

৬) সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও রাজ্য সরকার বকেয়া ডিএ না মেটানোর অভিযোগে সরকারী কর্মীদের একাংশের কালীঘাট চল কর্মসূচীকে কেন্দ্র করে মধ্য কলকাতায় ব্যাপক যানজটের সৃষ্টি হয়।

৭) শিলিগুড়ি উপকণ্ঠে ফাঁসিদেওয়ায় এক আদিবাসি মহিলাকে নির্যাতনের অভিযোগে জনজাতি সুরক্ষা মঞ্চের উত্তরকন্যা অভিযানকে ঘিরে গোটা এলাকা রণক্ষেত্রের রূপ নেয়।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

সুপ্রিম কোর্টের নির্দেশে এসআইআর প্রক্রিয়ায় যেসব ভোটারের নথি ও তথ্য যাচাইয়ের ভার বিচার বিভাগের উপর বর্তেছে তাদের নামও অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকায় থাকবে। যাঁদের নথি বিচারাধীন তাঁদের নাম পৃথক ভাবে উল্লেখ করেই আগামী শনিবার ২৮ শে ফেব্রুয়ারী ঐ তালিকা প্রকাশ করা হবে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, এসআইআর প্রক্রিয়ার শুরুতে রাজ্যে ভোটারের সংখ্যা ছিল ৭ কোটি ৬৬ লক্ষের বেশি। সেখান থেকে প্রায় ৫৮ লক্ষ মৃত, স্থানান্তরিত, নিখোঁজ এবং ভুয়ো ভোটারেদের নাম খসরা তালিকাতেই বাদ পড়েছে। খসড়া তালিকায় থাকা এই ৭ কোটি ৮ লক্ষ ভোটারের নামই চূড়ান্ত তালিকায় থাকবে। তবে এই তালিকা বিভিন্ন বিভাগে ভাগ করা হবে।

যাঁদের আবেদন অনুমোদিত হয়েছে, তাঁদের নাম স্বাভাবিকভাবেই থাকবে। যাঁদের নাম বাদ যাচ্ছে, তাঁদের নামের পাশে 'ডিলিট' শব্দটি উল্লেখ থাকবে। আর যাঁদের নথি বিচারাধীন, অর্থাৎ প্রায় ৬০ লক্ষ ভোটারের যে কাগজপত্র জুডিশিয়াল অফিসাররা যাচাই করছেন, তাঁদের নামের পাশে 'অ্যাজুডিকেশন' শব্দবন্ধ উল্লেখ করা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে।

এছাড়া, নতুন ভোটার হিসেবে যাঁরা যুক্ত হচ্ছেন, তাঁদের নাম একটি আলাদা সম্পূরক তালিকা হিসেবে মূল তালিকার সঙ্গে থাকবে।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি চূড়ান্ত ভোটার তালিকা থেকে ১ কোটি ২০ লক্ষ নাম বাদ যাওয়ার যে আশঙ্কা প্রকাশ করেছেন, নির্বাচন কমিশন তা খারিজ করে দিয়েছে। এ প্রসঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল স্পষ্ট জানান, এই মুহূর্তে ঐ বিষয়ে কোনও সুনির্দিষ্ট সংখ্যা তাঁর কাছে নেই। ৬০ লক্ষ নাম বাদ দিয়ে তালিকা প্রকাশিত হবে কি না, সে প্রশ্নে তিনি বলেন, সুপ্রিম কোর্ট যে অ্যাজুডিকেশন সংক্রান্ত নির্দেশ দিয়েছে, তা মেনেই তালিকা প্রকাশ করা হবে। ২৮ ফেব্রুয়ারি চূড়ান্ত তালিকা প্রকাশের পর, নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি না হওয়া পর্যন্ত যে সব মামলা নিষ্পত্তি হয়ে যাবে এবং যাঁদের নাম অনুমোদিত হবে, তাঁরা চূড়ান্ত তালিকার অংশ হিসেবেই গণ্য হবেন। যাঁদের ক্ষেত্রে নিষ্পত্তি হবে না, তাঁদের নামের পাশে 'অ্যাডজুডিকেশন' বা 'ডিলিটেড' উল্লেখ থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশে বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল আজ ফের বৈঠকে বসেন। হাইকোর্টে প্রধান বিচারপতির দফতরে এই বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, রাজ্য পুলিশের ডিজি, কলকাতার পুলিশ কমিশনার এবং নির্বাচন কমিশনের প্রতিনিধি। সুপ্রিম কোর্টের নির্দেশের পর এ নিয়ে আজ তৃতীয়বার বৈঠক হল।

বৈঠক শেষে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, অভ্যন্তরীণ এই বৈঠকে নির্বাচন কমিশনের দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়েছে। বিচারকদের কাজের অগ্রগতি প্রসঙ্গে তিনি বলেন, মোট ৫৩০ জন জুডিশিয়াল অফিসারকে এই প্রক্রিয়ায় নিযুক্ত করা হয়েছে। তাঁদের মধ্যে প্রায় ২৭০ থেকে ২৮০ জন ইতিমধ্যেই কাজ শুরু করেছেন। বাকিদের জন্য ওটিপি এবং ড্যাশবোর্ড তৈরির প্রক্রিয়া চলছে, শীঘ্রই তাঁরাও কাজে যোগ দেবেন। তবে প্রতিবেশি ওড়িশা ঝাড়খন্ড থেকে কতজন বিচারপতি আসবেন তা এখনও চূড়ান্ত হয়নি বলে জানিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

এদিকে, এসআইআর প্রক্রিয়ায় কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন, প্রতিবেশী রাজ্য থেকে দুশোর কাছাকাছি বিচার বিভাগীয় আধিকারিককে পশ্চিমবঙ্গের এসআইআর প্রক্রিয়ায় হতে পারে।

(বাইট- সুব্রত গুপ্ত)

বিজেপি-র রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার বলেছেন, নির্বাচন কমিশন স্বচ্ছ ও নিরপেক্ষ ভোট করাতে কতটা তৎপর তা সময়ই বলবে।

(বাইট – দেবজিৎ)

<u>oooooooooooooooooooooooo</u>

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য রাজ্যের প্রায় অর্ধেকের কিছু বেশি বুথকে সংবেদনশীল ও অতিসংবেদনশীল হিসেবে চিহ্নিত করা হয়েছে। সব জেলার কাছ থেকে পাওয়া আইনশৃঙ্খলা রিপোর্ট পর্যালোচনা করে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। ওই

রিপোর্টের ভিত্তিতে রাজ্যে মোট ৪১ হাজার ৪০০ বুথকে সংবেদনশীল হিসেবে চিহ্নিত করা হয়েছে। তার মধ্যে প্রায় ৬ হাজার ৮০০ বুথ অতিসংবেদনশীল।

কমিশনের দাবি, সীমান্তবর্তী ও স্পর্শকাতর জেলাগুলিতেই সংবেদনশীল বুথের সংখ্যা বেশি। বিশেষ করে দুই ২৪ পরগনা, মালদহ, মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর, বীরভূম, নদীয়া সীমান্ত এলাকা, হুগলির একাংশে সংবেদনশীল বুথের ঘনত্ব উল্লেখযোগ্য।

এই প্রেক্ষিতে রাজ্যে মোতায়েন করা হচ্ছে ২৪০ কোম্পানি আধাসেনা। রবি বা সোমবারের মধ্যেই বাহিনী রাজ্যে পৌঁছবে বলে প্রশাসনিক সূত্রের খবর। চূড়ান্ত পরিকল্পনা অনুযায়ী, সর্বাধিক ১৪ কোম্পানি বাহিনী পাঠানো হচ্ছে পূর্ব মেদিনীপুরে। কলকাতা ও মালদহে থাকছে ১২ কোম্পানি করে। দক্ষিণ দিনাজপুরে মোতায়েন হবে ১০ কোম্পানি। কোচবিহার ও ব্যারাকপুর পুলিশ কমিশনারেটে থাকছে ৯ কোম্পানি করে বাহিনী। মুর্শিদাবাদ পুলিশ জেলা ও জঙ্গিপুর পুলিশ জেলায় ৮ কোম্পানি করে বাহিনী পাঠানো হচ্ছে।

তবে নির্ধারিত সূচি অনুযায়ী আগামী পয়লা মার্চ ডেপুটি ইলেকশন কমিশনার-সহ কমিশনের প্রায় আটজন আধিকারিকের রাজ্যে আসার কর্মসূচিতে পরিবর্তন হয়েছে। পয়লা এবং দোসরা মার্চ জেলা নির্বাচন আধিকারিক এবং পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকের কথা থাকলেও তা আপাতত হচ্ছে না।

রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক মনোজ আগরওয়াল জানান, পয়লা মার্চ ইডেনে ভারত–ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট ম্যাচ রয়েছে। তার আগে ২৮ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের কাজও রয়েছে। সেই প্রশাসনিক ব্যস্ততার কারণেই কমিশনের সফরসূচিতে বদল আনা হয়েছে। নতুন দিনক্ষণ পরে জানানো হবে।

**oooooooooooooooooooooooo**

রাজ্যে এস আই আর চলাকালীন বিভিন্ন কারণে মৃত ৫৬ জনের পরিবারের নিকট আত্মীয়কে চাকরি দেবার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। নবান্নে আজ মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও নাগরিক অধিকার ক্ষুণ্ণ এবং হয়রানির শিকার হয়েছেন এমন পাঁচজনের পরিবারের একজন করে সদস্যকেও হোম গার্ডের চাকরি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। এরা সকলে পুরুলিয়া, দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর ,পূর্ব বর্ধমান,হাওড়া, মুর্শিদাবাদ ,বাঁকুড়া ,বীরভূম , কোচবিহার, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, মালদা ও নদিয়া জেলার বাসিন্দা।

oooooooooooooooooooooooo

স্কুল শিক্ষা ব্যবস্থাকে বিশ্বমানের করে তুলতে জেলায় জেলায় ৪৩০ টি দ্বিভাষিক মডেল স্কুল তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আজ এ বিষয়ে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প গৃহীত হয়েছে। বৈঠকের পর শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানান, ওই প্রকল্পের আওতায় এশীয় উন্নয়ন ব্যাঙ্ক-এডিবির আর্থিক সহায়তায় আগামী পাঁচ বছরে ৪৩০টি মডেল স্কুল গড়ে তোলা হবে। প্রতিটি ব্লকে একটি করে এবং ৮৭টি অনগ্রসর ব্লকে দুটি করে স্কুল স্থাপন করা হবে। সব স্কুলে বাংলা ও ইংরেজি দুই মাধ্যমেই পড়াশোনার সুযোগ থাকবে। এগুলির উপর নজরদারি ও মূল্যায়নের পৃথক ব্যবস্থা গড়ে তোলা হবে। এজন্য বড় সংখ্যায় শিক্ষক নিয়োগের কথাও জানানো হয়েছে।

অন্যদিকে, প্রি-স্কুল স্তরে আইসিডিএস বা অঙ্গনওয়ারী কেন্দ্রগুলিকে শক্তিশালী করতে এডিবির আর্থিক সহায়তায় ২ হাজার ১৪৮ কোটি টাকার একটি প্রকল্প নেওয়া হচ্ছে বলে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন। তিনি বলেন, ৫০ হাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্র উন্নয়নের লক্ষ্যে এই প্রকল্প গৃহীত হয়েছে। এর মধ্যে ৭০ শতাংশ অর্থ দেবে এডিবি এবং ৩০ শতাংশ রাজ্য সরকার। এর আওতায় অঙ্গনওয়ারী কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়ন, শিশুদের উন্নত মানের শিক্ষাসামগ্রী ও পুষ্টি নিশ্চিত করা , এবং কর্মীদের সক্ষমতা বৃদ্ধির উপর জোর দেওয়া হবে।

oooooooooooooooooooooooo

বন্দেমাতরমের রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের পরিবারের সদস্য সুমিত্র চট্টোপাধ্যায় আজ বিজেপিতে যোগ দিয়েছেন। কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপির এরাজ্যের পর্যবেক্ষক ভূপেন্দ্র যাদব এবং রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, তাঁর হাতে দলীয় পতাকা তুলে দিয়ে স্বাগত জানান। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী যাদব বলেন, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বন্দে মাতারম, দেশের মধ্যে জাতীয়তাবাদ ও দেশপ্রেমের চেতনা সুদৃঢ় করেছে। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের আদর্শ ও চিন্তাধারা পশ্চিমবঙ্গকে ‘উন্নত বাংলা’ গঠনের পথে অনুপ্রেরণা জোগাবে। সমাজের সম্মানিত এবং দেশহিতৈষী ব্যক্তিদের বিজেপিতে যোগদান রাজ্যে ইতিবাচক রাজনৈতিক ও সামাজিক পরিবর্তনকে আরও শক্তিশালী করবে বলে তিনি আশাপ্রকাশ করেন।

অন্যদিকে, দলে যোগদানের পর বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের পরিবারের সদস্য এবং রাজ্য শ্রম দপ্তরের প্রাক্তন আধিকারিক সুমিত্র চট্টোপাধ্যায়, রাজ্য সরকারের কর্মসংস্থান নীতির সমালোচনা করেন। তিনি

জানান,এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সঙ্গে যুক্ত লক্ষাধিক যুবকের তথ্য প্রশাসনিক নির্দেশের মাধ্যমে মুছে ফেলা হয়েছে। পরবর্তীকালে যুবশ্রী প্রকল্প চালু করেও পরে বন্ধ করে দেওয়া হয়। বর্তমানে যুব সাথী প্রকল্পের অধীনে বেকার যুবকদের প্রতিদিন মাত্র ৫০ টাকা সহায়তা দেওয়ারও সমালোচনা করেন তিনি।

<u>ooooooooooooooooooooooo</u>

আজকের প্রসঙ্গের এবারের বিষয়: **এ আই সামিট** এবং বিনোদন ও সংবাদ মাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তা। পরিচালক অতনু ঘোষ ও পরিচালক, সমালোচক এবং সাংবাদিক রত্নোত্তমা সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন **আজ রাত আটটায়** গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

<u>ooooooooooooooooooooooo</u>

সুপ্রিম কোর্ট, বিচার বিভাগের দুর্নীতি বিষয়ক একটি অধ্যায় ঘিরে বিতর্কের মধ্যে NCERT-এর অষ্টম শ্রেণীর পাঠ্যবইয়ের ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করেছে। বাজারে থাকা বইটির সব কপি সরিয়ে দেওয়ারও নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। পাশাপাশি, ডিজিটাল কপিগুলিও মুছে ফেলতে বলা হয়েছে। সর্বোচ্চ আদালত, কেন্দ্র এবং রাজ্যগুলিকে অবিলম্বে এ-বিষয়ে ব্যবস্থা নিতে বলেছে। নির্দেশ অমান্য করা হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও সতর্ক করেছে শীর্ষ আদালত। যাঁদের ওপর এ-ঘটনার দায়ভার বর্তায়, তাঁদের বিরুদ্ধে কেন ব্যবস্থা নেওয়া হবে না, সে-বিষয়ে NCERT-এর অধিকর্তা, স্কুল শিক্ষা সচিবকে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি সূর্য কান্তের নেতৃত্বাধীন একটি বেঞ্চ তার পর্যবেক্ষণে বলেছে, বিচার বিভাগের মর্যাদাকে অবমাননা করার জন্য এটি একটি পরিকল্পিত পদক্ষেপ। এই ধরনের কাজ ফৌজদারি অপরাধ বলে গণ্য করা হবে। পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে ১১ মার্চ।

<u>ooooooooooooooooooooooo</u>

সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও বকেয়া ডিএ, রাজ্য সরকার মেটাচ্ছে না – এই অভিযোগ তুলে সরকারী কর্মচারীদের একাধিক সংগঠন আগামী ১৩-ই মার্চ রাজ্যজুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে। আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে কর্মচারী প্রতিনিধিদের তরফে রাজ্য সরকারের বিরুদ্ধে আরও

বড় আন্দোলন গড়ে তোলার হুঁশিয়ারী দেওয়া হয়। সংগ্রামী যৌথ মঞ্চ সহ একাধিক সংগঠনের 'কালীঘাট চলো' কর্মসূচীকে কেন্দ্র করে আজ রাজপথ ফের উত্তপ্ত হয়ে ওঠে। একাধিক সরকারী কর্মচারী সংগঠনের প্রতিনিধি সদস্যরা, মেট্রো চ্যানেল থেকে এক মিছিলে যোগ দেন। যোগ দেয় চাকরী প্রার্থীদের একাধিক সংগঠন'ও। ধর্মতলা চত্বর মুড়ে ফেলা হয় পুলিশী ঘেরাটোপে। মিছিল পার্কস্ট্রীটের দিকে এগোলে পুলিশ তাদের বাধা দেয়। আধিকারিকদের সঙ্গে বচসায় জড়ান আন্দোলনকারীরা। পরে সেখানেই ধর্ণা অবস্থানে বসে পড়েন তারা। সংগ্রামী যৌথ মঞ্চের ভাস্কর ঘোষ অভিযোগ করেছেন, এ রাজ্যের কোনো গণতন্ত্র নেই।

(বাইট- ভাস্কর ঘোষ)

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

শিলিগুড়ির উপকণ্ঠে ফাঁসি দেওয়ায় এক গর্ভবতী মহিলাকে নির্যাতনের অভিযোগে জনজাতি সুরক্ষা মঞ্চের সদস্যদের উত্তরকন্যা অভিযানকে কেন্দ্র ক'রে আজ গোটা এলাকা রণক্ষেত্রের রূপ নেয়। বিরাট মিছিল ক'রে আদিবাসী সম্প্রদায়ের মানুষজন উত্তরকন্যার দিকে এগোলে তিনবাত্তি মোড়ের কাছে পুলিশ তাদের ব্যারিকেড ক'রে আটকে দেয়। পুলিশের সঙ্গে প্রথমে বচসা ও পরে ব্যারিকেড ভেঙে বিক্ষোভকারীরা এগিয়ে গেলে তাদের লক্ষ্য ক'রে ছোঁড়া হয় কাঁদানে গ্যাস। উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করতে জলকামানও ব্যবহার করা হয়। এরপরই, বিক্ষোভকারীরা রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভে সামিল হন। সুরক্ষা মঞ্চের অন্তত চোদ্দ জনকে আটক করা হয়েছে। মঞ্চের বেশ কয়েকজন কর্মী এবং অন্তত আট পুলিশ কর্মী আহত হয়েছেন। প্রশাসনের তরফে শান্তি বজায় রাখার আবেদন করা হয়েছে। এদিকে, জনজাতি সুরক্ষা মঞ্চের নেতৃবৃন্দ দ্রুত ন্যায়বিচার না পেলে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

হাওড়ার পিলখানায় প্রমোটারকে গুলি করে হত্যার ঘটনায় রাজ্যে ক্রমবর্ধমান দুষ্কৃতী দৌরাত্মের বিরুদ্ধে আজ বিজেপির পক্ষ থেকে বিক্ষোভ দেখানো হয়। পুলিশের সঙ্গে দলীয় নেতা কর্মীদের বচসা ও হাতাহাতি শুরু হলে এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। থানা ঘেরাও কর্মসূচীর বদলে পুলিশ তাদের ডেপুটেশন জমা দিতে বলে। এরপরই বিজেপির এক প্রতিনিধি দল গোলাবাড়ি থানায় ডেপুটেশন জমা দেয়।

এদিকে, ওই হত্যাকাণ্ডে ধৃত ৩ জনকে আজ হাওড়া আদালত আট দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। খবর সংগ্রহ করতে গিয়ে সাংবাদিক নিগ্রহের ঘটনায় ধৃত 6 জনকে বিচারক তাদের চারদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন।

oooooooooooooooooooooo

নদীয়ার কল্যাণী কলেজ অফ মেডিসিন অ্যান্ড জে এন এম হাসপাতালে এক ডাক্তারি পড়ুয়ার পচাগলা দেহ উদ্ধারে চাঞ্চল্য ছড়িয়েছে। পুলক হালদার নামে মৃত ওই ছাত্রের বাড়ি দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটে। ক-দিনে ধরে ওই ছাত্রকে দেখা যাচ্ছি না। আজ তার ঘর থেকে দুর্গন্ধ বেরতে শুরু করলে তার পচাগলা দেহ উদ্ধার হয়। কয়েকদিন আগেই তার মৃত্যু হয়েছে বলে প্রাথমিক অনুমান। দেহ ময়না তদন্তের জন্য পাঠিয়ে পুলিশ মৃত্যুর কারণ অনুসন্ধানে তদন্ত শুরু করেছে।

oooooooooooooooooooooo

রাজ্যে সর্বত্র আগামী দুদিন সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রায় কোন পরিবর্তন হবে না তবে তার পর থেকে ধীরে ধীরে তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি বৃদ্ধি পাবে। দক্ষিণবঙ্গে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ১ ডিগ্রী কম। সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের প্রায় দু ডিগ্রী নীচে। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে আগামী এক সপ্তাহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে, উল্লেখযোগ্য তেমন কোন সতর্কবার্তা নেই।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo